

বরাবর,

অফিসার ইনচার্জ  
রমনা মডেল থানা, ডিএমপি ঢাকা।

বিষয়ঃ এজাহার

জনাব,

বিনীত নিবেদন এই যে, আমি ডিএডি (বিজেও-৪৪০২৪) মোঃ গোলাম মোস্তফা, র‍্যাং-৩, সিপিসি-২, মগবাজার ক্যাম্প, ঢাকা এবং অন্যান্য অফিসার ও ফোর্সসহ ধৃত আসামী (১) মোঃ আলমগীর হোসেন (২৬), পিতা- মৃত জিয়া উদ্দিন, সাং-শশ্যালদি, থানা- হাইনচর, জেলা- চাঁদপুর, বর্তমান- নয়াটোলা বাবু মিয়র ৪র্থ তলা বিল্ডিং এর ৪র্থ তলার ভাড়াটিয়া, থানা- রমনা, ডিএমপি ঢাকা। (২) মোঃ ইসহাক আলী (৪৮), পিতা- মোঃ রাজ্জাক মোল্লা, সাং- বল্লকদী, থানা- মাদারীপুর, জেলা- মাদারীপুর, বর্তমানে-৮০/সি মগবাজার গাবতলা, থানা-রমনা, ডিএমপি ঢাকা। (৩) মোঃ করিম (২৫), পিতা- মৃত ইসমাইল গাজী, সাং- ধামুরা, থানা- উজিরপুর, জেলা- বরিশাল, বর্তমানে-পাগলা মাজার গলি নয়াটোলা, রমনা ডিএমপি ঢাকা। (৪) মোঃ মমিন (২৮), পিতা- মোঃ আঃ কাদির, সাং- গৌরিপুর, থানা-দাউদকান্দি, জেলা-কুমিল্লা, বর্তমানে- ৩৩০/এ মধুবাগ পানির পাম্পের সাথে মগবাজার রমনা ডিএমপি ঢাকা। (৫) মোঃ ফারুক হোসেন (২৮), পিতা- মোঃ আঃ বারেক, সাং খেয়াস, থানা- চৌদ্দগ্রাম, জেলা- কুমিল্লা বর্তমানে-২৩৬ নয়াটোলা পাগলা মাজার গলি মগবাজার রমনা ডিএমপি ঢাকা এবং জন্ম তালিকার ৪ নং কলামে উল্লেখিত মালামালসহ আপনার থানায় হাজির হইয়া এই মর্মে এ জাহার দায়ের করিতেছি যে অদ্য ১৭/০৬/১০ ইং তারিখ গোপন সংবাদের ভিত্তিতে জানিতে পারি যে, রমনা থানাধীন নয়াটোলা মগবাজার রোডের ডান পার্শ্বে ৬৮০/সি বড় মগবাজার নাসির উল্লাহ সাহেবের ভাড়াটিয়া গ্যারেজের কতিপয় ব্যক্তি চোরাই সিএনজি চালিত অটো রিক্সা মজুদ রাখিয়াছে। উক্ত সংবাদের সত্যতা যাচাইয়ের জন্য র‍্যাং-৩, সিপিসি-২, মগবাজার ক্যাম্প রমনা ঢাকা এর এমসিসি নং-৭১৩/১০ তারিখ ১৭/০৬/২০১০ ইং মূলে সংগীয়, এএসআই/৬০৯ মোঃ সাইফুল ইসলাম, কর্ণারাল/৪০০৭৬২১ মোঃ ইকবাল হোসেন, কথ/১৯১৭ মোঃ মাহবুবুর রহমান, কথ/১৮৭ মোঃ জাহিদুল ইসলাম ও ৪০৩২৫১৮/সৈনিক মোঃ নিজাম উদ্দিন সহ ইং ১৭/০৬/২০১০ তারিখ ০৫.৫৫ ঘটিকায় বর্ণিত স্থানে হাজির হইলে আমাদের উপস্থিতি টের পাইয়া উপরোক্ত ব্যক্তি পালানোর চেষ্টাকালে সঙ্গীয় ফোর্স এর সহায়তায় আটক করিয়া পালানোর চেষ্টার কারণ জিজ্ঞাসা করিলে তাহারা কোন সন্দেহজনক জবাব দিতে না পারায় উপস্থিত স্বাক্ষী (১) মোঃ দুলাল হোসেন (৪৮), (২) মোঃ আঃ কুদ্দুস খোন্দা (৪০) (জন্ম তালিকায় স্বাক্ষীদের পূর্ণ নাম ঠিকানা উল্লেখ আছে) ঘরের উপস্থিতিতে উক্ত ব্যক্তিদের হেফাজতে রাখা উল্লেখিত গ্যারেজ তল্লাশি করি। তল্লাশি কালে গ্যারেজের মধ্যে জন্ম তালিকায় বর্ণিত ০৩ (তিন) টি সিএনজি চালিত অটো রিক্সা (১) ঢাকা মেট্রো-১৩-৪০১২, ইঞ্জিন নং-AAMBSD-২৮১০৫৮ শেসিস নং MD2AAAFZZAW/D-10576, (২) ঢাকা মেট্রো-১৩-৪০১৫ ইঞ্জিন নং-AAMBRK-২১৩৭১ শেসিস নং MD2AAAFZZRW/K-27082 (৩) ঢাকা মেট্রো-১৩ ০০৪১ ইঞ্জিন নং-AAMBA-16396 শেসিস নং EHOL-৩০১১০১৬৭ জব্বা দেখি যে এই উক্ত অটো রিক্সার ইঞ্জিন কাগজ পত্র ও অন্যান্য নথি জানতে চাইলে তাহারা বিচার টিএ কর্তৃক প্রদত্ত কিছু কাগজ প্রদর্শন করে। উক্ত কাগজ পর্যালোচনা করিয়া দেখা যায় যে প্রকৃত মালিকের সাথে গড়মিল বিদ্যমান। তাদেরকে গ্রেপ্তারি এবং বিষয় জিজ্ঞাসাবাদ করিলে তাহারা কোন সন্দেহজনক জবাব দিতে পারে নাই। তখন আমার নির্দেশ মোতাবেক এএসআই/৬০৯ মোঃ সাইফুল ইসলাম ১০.৩৫ ঘটিকার সময় জন্ম তালিকা প্রস্তুত পূর্বক ০৩ (তিন) টি সিএনজি চালিত অটো রিক্সা হেফাজতে নেন। জিজ্ঞাসাবাদে তাহারা উপরোক্ত নাম ঠিকানা জানায়। চুরি করতঃ চোরাইমাল অবৈধভাবে নিজ দখলে রাখার অপরাধে গ্রেফতার পূর্বক আসামীদের হেফাজতে নেই। চুরি করতঃ চোরাইমাল অবৈধভাবে নিজ দখলে রাখার অপরাধে গ্রেফতার পূর্বক আসামীদের হেফাজতে নেই। চুরি করতঃ চোরাইমাল সহ আরো আসামী গ্রেফতার ও চোরাইমাল উদ্ধার অভিযানে ব্যাপ্ত থাকায় মাথলা দায়েরে সামান্য বিলম্ব হইল।

অতএব, মহোদয় উপরোক্ত আসামীদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গিলতে নির্দেশ দিই।

১। মূল জন্ম তালিকা ০১ (এক) পাতা

সিএডি (বিজেও-৪৪০২৪) মোঃ গোলাম মোস্তফা  
 র‍্যাং-৩, সিপিসি-২, মগবাজার ক্যাম্প, ঢাকা  
 তারিখঃ ১৭.০৬.২০১০ ইং  
 মোঃ সাইফুল ইসলাম  
 এএসআই/৬০৯  
 মোঃ সাইফুল ইসলাম  
 ১০.৩৫ ঘটিকায়

মোঃ গোলাম মোস্তফা  
 সিএডি (বিজেও-৪৪০২৪) ওয়ারেন্ট অফিসার  
 মগবাজার ক্যাম্প, রমনা, ঢাকা  
 তারিখঃ ১৭/০৬/২০১০ ইং  
 চোরাইমাল ০১৭১২৭৪৪১২৭